সমকাল

তারিখ ··20 JAN 2016·· ···
পৃঃ ···৩৭·· কলাম····২······

# বিনা শর্তে নতুন স্কেলে অন্তর্ভুক্তি দাবি শিক্ষকদের

■ সমকাল প্রতিবেদক

নতুন স্কেলে অন্তর্ভুক্তি দাবি জানিয়েছেন এমপিওভুক্ত মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা। একই সঙ্গে চাকরি জাতীয়করণেরও দাবি জানান তারা। আগামী ১৫ ফেব্রুয়ারির মধ্যে দাবি মেনে নেওয়া না হলে ক্লাস বর্জনের হুমকি দিয়েছেন শিক্ষক নেতারা। গতকাল মঙ্গলবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত সংবাদ সম্মেলনে এ কথা জানান তারা।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য দেন শিক্ষক সমিতির মহাসচিব ইয়াদ আলী খান। উপস্থিত ছিলেন সমিতির সভাপতি সৈয়দ জুলফিকার আলম চৌধুরী, সহসভাপতি মাহমুদা খানম, মমতাজ খান, ফরিদুল ইসলাম, আবদুর রহমান, মিজানুর রহমান প্রমুখ।

ইয়াদ আলী খান বলেন, শিক্ষকরা দীর্ঘদিন ধরে তাদের চাকরি জাতীয়করণের দাবিতে আন্দোলন করে আসছেন। একজন শিক্ষক সারাজীবন চাকরি করে তাদের অবসর কল্যাণ ট্রাস্টের টাকাও সঠিক সময়ে পান না। যদিও সেই টাকা ছয় মাসের মধ্যে দেওয়ার কথা; কিন্তু তাতে বছরের পর বছর লাগানো হয়। তিনি কল্যাণ ট্রাস্টের টাকা ছয় মাসের মধ্যে প্রদান এবং প্রেস নোটে 'বেতন-ভাতা বাবদ সরকারি অংশ' নাম সংযুক্ত করার দাবি জানান।